



...
গণপ্রজাতন্ত্রী বাংলাদেশ সরকার
কারিগরি ও মাদ্রাসা শিক্ষা বিভাগ
শিক্ষা মন্ত্রণালয়
আইন শাখা-১
বাংলাদেশ সচিবালয়, ঢাকা।
www.tmed.gov.bd



স্মারক নম্বর: ৫৭.০০.০০০০.০৪৬.০৪.০৭৮.২১.৯৪

তারিখ: ৮ আষাঢ় ১৪২৮

২২ জুন ২০২১

বিষয়: রিট পিটিশন নং-৪৮৭৩/২০২১ মামলায় সরকার পক্ষে প্রতিদ্বন্দ্বিতাকরণসহ প্রয়োজনীয় আইনানুগ ব্যবস্থা গ্রহণক্রমে টিএমইডি-কে অবহিতকরণ সংক্রান্ত।

সূত্র: মহামান্য হাইকোর্ট হতে প্রাপ্ত রিট পিটিশন নং- ৪৮৭৩/২০২১ এর রুলনিশি ও আর্জির কপি।

উপর্যুক্ত বিষয় ও সূত্রের প্রেক্ষিতে জানানো যাচ্ছে যে, মহামান্য হাইকোর্ট বিভাগ হতে প্রাপ্ত রিট পিটিশন নং-৪৮৭৩/২০২১ মামলাটির বিবরণ নিম্নরূপ-

রিট পিটিশন নং	পিটিশনার	রেসপনডেন্ট	মামলা দায়েরের কারণ/বিষয়
৪৮৭৩/২০২১	জনাব মো: আব্দুস সাত্তার, অধ্যক্ষ, সেওটগাড়ী মাহমুদিয়া দ্বি-মুখী আলিম মাদ্রাসা, ডোমার, নীলফামারী।	সচিব, মাদ্রাসা কারিগরি শিক্ষা মন্ত্রণালয় মহাপরিচালক, ডিএমই, মহাপরিচালক, ডিটিই, চেয়ারম্যান, বিএমইবি ও চেয়ারম্যান, বিটিইবি আরো অন্যান্যসহ মোট ১১ (এগার) জন।	আর্জি পর্যালোচনায় দেখা যায় যে, নীলফামারী জেলার ডোমার উপজেলাধীন সেওটগাড়ী মাহমুদিয়া দ্বি-মুখী আলিম মাদ্রাসা (মাদ্রাসা কোড নং-১৪৮৫৮, ভোকেশনাল কোড নং-১৪০১৩) শিক্ষকদের আলীম ও ভোকেশনাল স্তরের শিক্ষকগণের এমপিও প্রাপ্তির জন্য অধ্যক্ষ, জনাব মো: আব্দুস সাত্তার, সেওটগাড়ী মাহমুদিয়া দ্বি-মুখী আলিম মাদ্রাসা, ডোমার, নীলফামারী কর্তৃক অনলাইন এ টিএমইডি বরাবর আবেদন করা হয় (প: পৃ: ৫২ ও ৫৭)। উক্ত আবেদনের আলোকে প্রতিকার না পাওয়ায় গত ১৬/০৩/২০২১ তারিখে অধ্যক্ষ কর্তৃক পুনরায় টিএমইডি বরাবর আবেদন করা হয় (প: পৃ: ২)। তথাপি বিষয়টি নিষ্পত্তি না হওয়ায় উক্ত বিষয়টি নিষ্পত্তি করার লক্ষ্যে প্রতিষ্ঠানের অধ্যক্ষ কর্তৃক মহামান্য হাইকোর্ট বিভাগে রিট পিটিশন নং- ৪৮৭৩/২০২১ মামলা দায়ের করা হয়।

উক্ত রিট মামলাটি গত ০২/০৬/২১ তারিখে মহমান্য হাইকোর্ট বিভাগ কর্তৃক রুল শুনানি অনিস্পন্ন রেখে ৩০ জুন, ২০২১ তারিখের মধ্যে পিটিশনার এর প্রতিষ্ঠান এমপিও না করা কেন বে-আইনি হবে না এবং পিটিশনার এর প্রতিষ্ঠান এমপিওভুক্ত করার জন্য কেন নির্দেশনা প্রদান করা হবে না, সে মর্মে ৩০/০৬/২০২১ তারিখ বা তার পূর্বে কারণ দর্শানোর জন্য প্রতিপক্ষগণের প্রতি নির্দেশনা প্রদান করা হয়েছে। একই সাথে পিটিশনার কর্তৃক ১৬/০৩/২০২১ খ্রি: তারিখে দাখিলকৃত আবেদনটি আদেশ প্রাপ্তির ৬০ (ষাট) দিনের মধ্যে নিস্পত্তি করার জন্য ১নং- রেসপনডেন্ট (সচিব টিএমইডি)-কে নির্দেশনা প্রদান করা হয়েছে।

৩। এমতাবস্থায়, বর্ণিত প্রতিষ্ঠানটির এসএসসি (ভোক:) এবং আলিমস্তর এমপিওভুক্তির দাবীতে মামলা দায়ের হয়েছে বিধায় সরকার পক্ষে প্রতিদ্বন্দ্বিতা করার জন্য প্রয়োজনীয় আইনানুগ ব্যবস্থা গ্রহণক্রমে টিএমইডি-কে অবহিত করার জন্য নির্দেশক্রমে অনুরোধ করা হলো।



২২-৬-২০২১

মোঃ নুরুল ইসলাম শেখ
সহকারী সচিব

বিতরণ :

- ১) মহাপরিচালক, কারিগরি শিক্ষা অধিদপ্তর
- ২) মহাপরিচালক (অতিরিক্ত সচিব) , মাদরাসা শিক্ষা অধিদপ্তর

স্মারক নম্বর: ৫৭.০০.০০০০.০৪৬.০৪.০৭৮.২১.৯৪/১(৩)

তারিখ: ৮ আষাঢ় ১৪২৮
২২ জুন ২০২১

সদয় অবগতি ও কার্যার্থে প্রেরণ করা হল:

- ১) সচিবের একান্ত সচিব (উপসচিব), সচিব-এর দপ্তর, কারিগরি ও মাদ্রাসা শিক্ষা বিভাগ
- ২) সিস্টেম এনালিস্ট, আইসিটি অধিশাখা, কারিগরি ও মাদ্রাসা শিক্ষা বিভাগ
- ৩) অফিস কপি/মাস্টার কপি।



২২-৬-২০২১

মোঃ নুরুল ইসলাম শেখ
সহকারী সচিব